গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী নম্বর: ৫৩

# সারাদেশের ন্যায় ময়মনসিংহেও ভূমিসেবা সপ্তাহ-২০২৩ উদ্‌যাপিত হচ্ছে

ময়মনসিংহ (২২ মে, ২০২৩ খ্রি.):

স্মার্ট ভূমিসেবার লক্ষ্যে এখন থেকে নামজারি ও ভূমি উন্নয়ন কর অনলাইনে প্রদান করতে হবে। যার মাধ্যমে ঘরে বসেই জনগণ স্মার্ট ভূমিসেবা পাবে। এক্ষেত্রে ১৬১২২ নম্বরের কল সেন্টার অথবা www.land.gov.bd এর ওয়েবসাইটে প্রবেশ করে ফরম পূরণ ও প্রয়োজনীয় তথ্য প্রদানের মাধ্যমে ই-নামজারি সেবা পাবেন। এছাড়া ভূমি উন্নয়ন করও একই পদ্ধতিতে ১৬১২২ নম্বরে ও www.ldtax.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে প্রদান করা যাবে। ভূমি কর পরিশোধের জন্য জাতীয় পরিচিত্র ও জমির যাবতীয় তথ্য আপলোড করত: আবেদন করতে হবে। এর মাধ্যমে দেশের যেকোনা স্থান থেকে ভূমি কর দেওয়া সম্ভব হবে।

এছাড়া সি.এস, এস.এ, বি.আর.এস খতিয়ান (পর্চা) ঘরে বসেই অনলাইনে সংগ্রহ করা যাবে। www.land.gov.bd সাইটের মাধ্যমে বিনামূল্যে যেকোনো সময় যেকোনো স্থান থেকে ভার্চুয়াল রেকর্ডরুমের খতিয়ান (পর্চা) দেখার সুযোগ রয়েছে।

আজ ২২ মে (সোমবার) জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে ময়মনসিংহ সদর উপজেলা ভূমি অফিসের আয়োজনে স্মার্ট ভূমিসেবা পেতে ভূমি সেবা সপ্তাহ-২০২৩ (২২-২৮ মে) উপলক্ষ্যে এক প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত প্রেস কনফারেন্সের মাধ্যমে এসব তথ্য জানানো হয়। কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস।

কনফারেন্সে প্রধান অতিথি বলেন, ডিজিটাল বাংলাদেশের পথ অনেকটা এগিয়েছে। পহেলা বৈশাখ থেকে ক্যাশলেস ভূমি ব্যবস্থাপনা চালু হয়েছে। একবার রেজিস্ট্রেশন করা হলে সারাজীবন অনলাইনে কর পরিশোধ করা যাবে। ভূমি উন্নয়ন কর যেকোনো স্থান থেকে দেওয়া যাবে। অনলাইন ভূমি সেবা সহজিকরণের জন্য প্রতিটি তহসিল অফিসে এজেন্ট নিয়োগ করার পরিকল্পনা রয়েছে।

বিভাগীয় কমিশনার আরো বলেন, স্মার্ট ভূমি সেবা দিতে চলমান ডিজিটাল জরিপ এক বছরের মধ্যে সম্পন্ন করা হবে। অনলাইন পদ্ধতিতে ভূমি ব্যবস্থাপনা করার মাধ্যমে মধ্যস্বত্ব:ভোগীদের দৌরাত্ম্য কমে যাবে। এছাড়াও অনলাইনভিত্তিতে ট্যাক্স, মিউটেশন রেকর্ড ইত্যাদি সেবা সহজিকরণের জন্য সরকার কাজ করছে। এসময় তিনি সাব রেজিস্টার অফিস ও এসিল্যান্ড অফিসের মধ্যে এমওইউ মধ্যে রেজিস্ট্রিকৃত দলিল আদান-প্রদান সংক্রান্ত এমওইউ স্বাক্ষর করা হয়েছে বলে মন্তব্য করেন।

উক্ত প্রেস কনফারেন্সের মুক্ত আলোচনায় সাংবাদিকদের মধ্যে অনেকেই সরকারের স্মার্ট ভূমি সেবা সম্পর্কিত বিভিন্ন প্রশ্ন উত্থাপন করেন।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মো. আনোয়ার হোসেন এর সভাপতিত্বে উক্ত প্রেস কনফারেন্সে জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান, ময়মনসিংহ সদর উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

#

রেজভী/মনির/রিদওয়ান/দেওয়ান/সজিব/২০২৩/১৪:০০ ঘণ্টা